ভোরের কাগজ

MAR. 16 2002

তারিখ ... ... ... ... ... ... ...
পৃষ্ঠা ... কলাম ... ...

# পার্সিয়ান স্টাডিজ সেন্টার নির্মাণস্থলে ছাত্রছাত্রীদের প্রতিবাদী গানের অনুষ্ঠান

বিশ্ববিদ্যালয় প্রতিবেদক : ঢাকা বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় লাইব্রেরি এবং ডাকসু ভবনের মধ্যবর্তী বৃক্ষশোভিত সংকীর্ণ স্থানে পার্সিয়ান স্টাডিজ সেন্টার নির্মাণের প্রতিবাদে ছাত্রছাত্রীরা গতকাল ঐ স্থানে প্রতিবাদী গানের অনুষ্ঠান এবং সমাবেশের আয়োজন করে। গতকাল শুক্রবার ছুটির দিনে ছাত্রছাত্রীর উপস্থিতি কম থাকার কারণে কর্তৃপক্ষ গাছ কাটা শুরু করতে পারে এ আশঙ্কায় ছাত্রছাত্রীরা সকাল থেকেই ভবন নির্মাণের স্থলে পাহারা বসায়।

অপরিকল্পিত স্থাপনাবিরোধী ছাত্রঐক্যের ব্যানারে ছাত্রছাত্রীরা এ সমাবেশ এবং প্রতিবাদী গানের আয়োজন করে।

ভবন নির্মাণের জন্য নির্ধারিত স্থানে আয়োজিত সমাবেশে ছাত্রছাত্রীরা দৃঢ়কণ্ঠে বলেছে, যে কোনো মূল্যে গাছ কেটে, নান্দনিক সৌন্দর্য ব্যাহত করে ভবন নির্মাণ বন্ধ করা হবে। ছাত্রছাত্রীরা বলেন, আমরা পার্সিয়ান স্টাডিজ সেন্টার নির্মাণের বিপক্ষে নই। তবে তা নির্মাণ করতে হবে গাছ না কেটে, বিশ্ববিদ্যালয়ের সৌন্দর্য রক্ষা করে এবং এই এলাকাকে ঘিঞ্জি এলাকায় পরিণত না করে।

## ঢা.বি শিক্ষক সমিতির বিবৃতি

# পার্সিয়ান স্টাডিজ ভবন নির্মাণ নিয়ে বিভ্রান্তি সৃষ্টি না করার আহ্বান

বিশ্ববিদ্যালয় প্রতিবেদক : ঢাকা বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় গ্রন্থাগারের কাছে ইরান সরকারের অর্থানুকূল্যে পার্সিয়ান স্টাডিজ ভবন নির্মাণের উদ্যোগকে কেন্দ্র করে পত্রপত্রিকায় প্রকাশিত সংবাদকে বিভ্রান্তিকর বলে আখ্যায়িত করেছে ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি। শিক্ষক সমিতির এক বিবৃতিতে বলা হয়, 'অপরিকল্পিতভাবে বিশ্ববিদ্যালয়ের পরিবেশ বিনষ্ট করে বা বহু গাছ কেটে ফেলার উদ্যোগের' যে অভিযোগপত্র পত্রিকায় করা হয়েছে তা সঠিক নয়।

শিক্ষক সমিতির সভাপতি আ ফ ম ইউসুফ হায়দার এবং সাধারণ সম্পাদক শরীফউল্লাহ ভুঁইয়া স্বাক্ষরিত এক বিবৃতিতে বলা হয়, ভবন নির্মাণের লক্ষ্যে ইতিমধ্যে কর্তৃপক্ষ ঐ স্থানের ২/৩টি মরা গাছসহ মোট ৭/৮টি ছোটবড়ো গাছ কাটার জন্য সেগুলো চিহ্নিত করেছেন।

বিবৃতিতে আরো বলা হয়, একটি সাইট সিলেকশন কমিটির সুপারিশ ও প্রস্তাবিত ভবনের নকশা সিন্ডিকেটের চূড়ান্ত অনুমোদনের পর উল্লিখিত ভবন নির্মাণের সিদ্ধান্ত হয়।

সংশ্লিষ্ট সকলে এ বিষয়টির গুরুত্ব অনুধাবন করে সমস্যার প্রকৃত সমাধানে এগিয়ে আসা এবং বিশ্ববিদ্যালয়ে শিক্ষার যথার্থ ও অনুকূল পরিবেশ সৃষ্টিতে সকলকে অবদান রাখার বিষয়ে বিবৃতিতে আশা প্রকাশ করা হয়।